

বাকুবিতে হল ছাড়ার নির্দেশনা প্রত্যাহার করে শিক্ষার্থীদের বিক্ষেভন মিছিল

বাকুবি সংবাদদাতা

প্রকাশিত: ১০:২৮, ১ সেপ্টেম্বর ২০২৫; আপডেট: ১০:২৮, ১
সেপ্টেম্বর ২০২৫



ছবি: জনকর্তা

বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা এবং শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশনা
প্রত্যাখান করে বিক্ষেভন মিছিল করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের
(বাকুবি) শিক্ষার্থীরা।

সোমবার (১ সেপ্টেম্বর) সকাল ৯ টা ১০ মিনিটে বিভিন্ন হল থেকে শিক্ষার্থীরা মিছিল নিয়ে এসে বিশ্ববিদ্যালয়ের কে আর মার্কেটে এসে জড়ে হন। এসময় শিক্ষার্থীরা 'রাজপথ ছাড়ি নাই', 'রাজপথ ছাড়বো না', 'প্রশাসনের গদিতে আগুন জ্বালো একসাথে'সহ বিভিন্ন ধরনের প্লোগান দিতে থাকেন।



বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে শত শত শিক্ষার্থী বিশ্বেভ মিছিলে অংশগ্রহণ করেছে। অন্যদিকে, এরই মাঝে হল ত্যাগ করছেন

বিশ্ববিদ্যালয়ের বেশকিছু নারী শিক্ষার্থী। নিরাপত্তাজনিত কারণেই তারা হলত্যাগ করেছেন বলে জানা গেছে।

এ সময় নাম প্রকাশে অনিচ্ছুক বাকৃবির শিক্ষার্থী বলেন, কিছু হলেই হল ছাড়ার নির্দেশ দেয়, এই হল-বিশ্ববিদ্যালয় কি তাদের পৈতৃক সম্পত্তি। শিক্ষার্থীদের শান্তিপূর্ণ আন্দোলনে বহিরাগতদের হামলার বিচার না করে আবার হল ছাড়ার ফন্দি করলে সেটা কোনোভাবেই মেনে নেওয়া হবে না। ভয়-ভীতি দেখিয়ে আন্দোলন থামানো যাবে না। যতক্ষণ না দাবি মেনে নেওয়া হচ্ছে, আমাদের আন্দোলন চলবে।